কানে কানে কহি তোরে

শিশির সেন

আনন্দ পাবলিশার্স
১৮বি, শ্যামাচরণ দে ষ্ট্রীট, কলিকাতা—১

প্রথম প্রকাশ শ্রীপঞ্চমী, ১৬ই মাঘ, ১৩৬৯

প্রচ্ছদ-শিল্পী
কাশীনাথ

আনন্দ পাবলিশার্স, ১৮বি শ্যামাচরণ দে ষ্ট্রীট, কলিকাতা-১২ হইতে এস, সেন কর্তৃক প্রকাশিত ও কলিকাতা প্রিণ্টকো ১৫ ডিক্সন লেন, কলিকাতা-১৪ পক্ষে আর, রায় কর্তৃক মুদ্রিত।

'এই গ্রন্থের অন্যতম গৌরব
stream of consciousness' এর
স্বরূপ উন্মোচনে।'

এই লেখকের

বিংশশতাব্দী

আনন্দনিকেতন

একটি ফুল দুটি নায়ক

তখন ও এখন

বসন্তের পাখি

কমলাকে

Kane Kane Kohi Tore

(A Novel)

By—SISIR SEN

Price Rs. 2·00

'সাহিত্য এখন সম্পূর্ণ ইশারাময়,

বিদ্যুতের মত দু' একটি অনুভবের কথা বলে চকিতে পলায়নের নামই সাহিত্য।'

জীবনের সব কথাই কি বলা যায়, না শেষ পর্যন্ত বলা হয়! মানুষের চেষ্টার ক্রুটী নেই। সে বলতে চায়, নিজেকে প্রকাশ করতে চায়। কিন্তু কতটুকু গুছিয়ে বলতে পারলো, কতটুকু নিজেকে প্রকাশ করতে পারলো যখন সে মনে মনে আলোচনা করে তখন বড় বিমর্ষ হয়ে পড়ে। কিছুই তো বলা হলো না, কিছুই তো বলতে পারলাম না।

নবনীতা।

রূপ-রসের ঐশ্বর্যে বিশ্বকে প্রলুব্ধ করবার জন্যেই কি তার জন্ম হয়েছিল। 'বড় বিস্ময় লাগে হেরি তোমারে'।

কুন্তল পাশ ফিরে লেপটা মুখের উপর টেনে দেয়।

ভোরের আকাশে পাখি সব করে রব।

আলো-আঁধারের সন্ধিক্ষণের এক অপূর্ব সম্মিলন।

আবার ঘুম।

ঘুমের মত আরাম দুনিয়ায় আর কিছু নেই। এই ঘুম নিশ্চিন্তে আমাদের সকল অভাব-অভিযোগ ও সকল অশান্তির উপর শান্তির প্রলেপ বুলিয়ে দেয়।

মেদিনীপুর জলপ্লাবনের সময় রেড ক্রশের সঙ্গে কাজ করতে গিয়ে কুন্তল ও নবনীতার পরিচয় হয়। ছোট জায়গায় অবসর বিনোদনের কোন উপায় ছিল না। সান্ধ্য আসরে সবাই একসঙ্গে মিলিত হতো। ঘনিষ্ঠতাও সহজেই এজন্য উভয়ের মধ্যে ক্রমশ বেড়ে যায়।

ধীরে ধীরে ব্যক্তিগত পারিবারিক প্রসঙ্গ নিয়েও দুজনের মধ্যে আলোচনা হয়।